কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ, একটি ১০০% রপ্তানিমুখী পোষাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। আমরা বিশ্বাস করি আমরা এই ব্যবসায় সফলতা লাভ করেছি। এর কারন সমাজের প্রতি আমাদের দায়িত্ব কর্তব্য জ্ঞান, যাহা আমরা পালন করে থাকি। আমাদের সফলতাকে ধরে রাখার জন্য আমরা বিনিয়োগ করেছি উন্নত প্রযুক্তিতে, যার ফলে কর্মীরা অর্জন করেছে উন্নত শিক্ষা ও তথ্য প্রযুক্তি এবং এর ফলশ্রুতিতে আমরা জাতীয় এবং আন্তজার্তিক নীতি মেনে চলতে পারছি। তাই আমরা আমাদের ক্রেতাদের সুলভ মূল্যে উন্নত মানের উৎপাদিত পণ্য সরবরাহ করতে পেরেছি। আমরা বিশ্বাস করি মানবাধিকারের সার্বজনীন বিষয় সমূহ সকল পরিস্থিতিতে গ্রহণ যোগ। আদর্শের যে কোন লংঘন যদি আমাদের নিকট প্রকাশ পায় তবে এর বিরুদ্ধে আমাদের কর্মসীমার মধ্যে শাস্তি মূলক ব্যবস্থা নেওয়ার অধিকার রাখি। জাতীয় আইনের কোন বিধান অত্র নীতিমালার চাইতে অধিকতর কার্যকরী হলে সেক্ষেত্রে জাতীয় আইন প্রযোজ্য হবে। কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ ন্যুনতম আদেশের বাহিরে ও শ্রমিকদের জন্য কিছু করার চেষ্টা করে। আমরা জাতীয় ও আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধা রেখে আমাদের আচরণ বিধি নিন্মোক্তভাবে নির্ধারণ করি ঃ-

১। বৈধ আইন কানুন (Legal Compliance)

কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ, তার যাবতীয় কার্যক্রম প্রযোজ্য দেশীয় এবং আর্ন্তজাতিক আইন অনুসারে করে থাকে। কোম্পানীর আচারণ বিধি থেকে দেশীয় বা আর্ন্তজাতিক আইন বেশি সংগতিপুর্ণ হয় সেক্ষেত্রে ঐ আইনকে অনুসরন করা হয়।

২। শিশু শ্রম (Child Labor)

আই এল ও, জাতিসংঘ কনভেনশন বা জাতীয় আইন দ্বারা শিশু শ্রম সম্পূন্ন রুপে নিষিদ্ধ। বাধ্যতামূলক স্কুল শিক্ষা শেষ করে নাই অথবা ১৪ (চৌদ্দ) বছর হয়, এইরুপে কোন শিশুকে কর্মে নিয়োজিত করা হয়না। "শিক্ষাই জাতীর মেরুদন্ড" এই শ্লোগান কে সামনে রেখে আমরা কোন শিশু শ্রমিক নিয়োগে উৎসাহিত করি না বা নিয়োগ করিনা।

কোম্পানী যদি কিশোর শ্রমিককে কর্মে নিয়োজিত করে তবে কিশোর শ্রমিকের আইনগত সুবিধাদি এবং যে সব বিধি নিষেধ আছে তা মেনে নিয়োগ করা হবে।

৩। বল প্রয়োগ পূর্বক শ্রম এবং শাস্তিমূলক ব্যবস্থা (Forced Labor & Disceplinary Practices)

বল প্রয়োগ পূর্বক শ্রম বলতে আমরা সাধারনত কোন শ্রমিককে তার ইচ্ছার বিরুদ্ধে ভয়-ভীতি প্রদর্শন করে বা শারীরিক নির্যাতন করে অথবা আর্থিক ক্ষতি সাধনের মাধ্যমে কাজ করিয়ে নেয়াকে বুঝায়। সময়মত বেতন প্রদান না করা, ইচ্ছার বিরুদ্ধে সঞ্চয়ে বাধ্য করা, কর্মক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতির জন্য টাকা কেটে রাখা ইত্যাদি বাধ্যতামূলক শ্রমের আওতাভূক্ত যা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। কারখানার অভ্যন্তরে কোন শ্রমিককে তার চলাচলে বাধা প্রদান করা হয় না । আমাদের কোম্পানী বলপ্রয়োগ পূর্বক শ্রমে বিশ্বাসী নয়। প্রতিষ্ঠানের সকল শ্রমিক কর্মচারী স্ব-ইচ্ছায় তাহার উপর অর্পিত দায়িত্ব পালন করে থাকে। আমাদের কোম্পানী যে কোন ধরনের বলপূর্বক শ্রম, দাসত্ব শ্রম গ্রহন করে না বা বন্দি শ্রমিককে কর্মে নিয়োজিত করেনা।

যে সব শ্রমিক বার বার বা ইচ্ছাকৃত আমাদের আচরণবিধি অমান্য করে তাদের বিরুদ্ধে সিসিকেএল শাস্তিমূলক ব্যাবস্থা গ্রহন করে থাকে। শাস্তিমূলক ব্যাবস্থা লঙ্ঘনের উপর ভিত্তি করে এটি পরিবর্তিত হয়।

আমরা দুর্নীতি, চুরি, ঘৃনা, বা বেআইনির বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যাবস্থা গ্রহণ করে থাকি।

৪। বৈষম্যমূলক আচরন (Discrimination)

কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ, সকল শ্রমিক কর্মচারীদের সমভাবে মূল্যায়ন করে। লিঙ্গ, ধর্ম, বয়স, বর্ণ, গোত্র, সামজিক অবস্থান, জাতীয়তা, শ্রমিক সংঘের প্রতিনিধিত্ব, শারীরিক অক্ষমতা, রাজনৈতিক পরিচিতি, অথবা অন্য কোন ব্যক্তিগত চরিত্র এক্ষেত্রে বিবেচনা না করে সকলকে সমান ভাবে মূল্যায়ন করে। মজুরী এবং অন্যন্য সুযোগ সুবিধা তার শিক্ষা, কর্মদক্ষতার উপর ভিত্তি করে প্রদান করা হয়ে থাকে । সকলের জন্য তার যোগ্যতা অনুসারে সমান সুযোগ নিশ্চিত করে।

৫। হয়রানী ও গালিগালাজ (Harassment and Abuse)

কম্ফিট কম্পোজিট নীট লিঃ সব সময় হয়রানীমূলক আচরনের ব্যাপারে সচেতন থাকে। প্রতিষ্ঠানে নিয়েজিত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের প্রতি যে কোন ধরনের হয়রানী মূলক কর্মকান্ড সম্পূর্ন রুপে নিষিদ্ধ। প্রতিটি শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের সাথে সম্মানের সাথে আচরন করতে হবে । যে কোন ধরনের শারীরিক নির্যাতন,গালিগালাজ ও হুমকি, মানসিক নির্যাতন, খারাপ ব্যবহার, যৌন হয়রানীমূলক আচরন, মৌলিক অধিকারের উপর হস্তক্ষেপ করা এবং চলাচলের উপর বিধি নিষেধ কোন ভাবেই গ্রহন যোগ্য নয়।

৬। বাক স্বাধীনতা (Freedom of Association)

কম্ফিট কম্পোজিট নীট লিঃ শ্রম আইনের প্রতি শ্রদ্ধা রেখে শ্রমিক সংঘ করার, সংঘে যোগদান এবং ইউনিয়ন করার স্বাধীনতা এবং এর মাধ্যমে যৌথ দরকষাকষির স্বাধীনতা সকল শ্রমিকের অধিকার বলে গ্রহন করেছে। কম্ফিট কম্পোজিট নীট লিঃ, সংস্থাভুক্ত হওয়ার স্বাধীনতাকে সম্মতিজ্ঞাপন ও দরকষাকষির মাধ্যমে শ্রমিকদের অধিকার আদায়ে সম্মান করে। শ্রমিক/কর্মচারী বাহিরের কোন সংগঠনের সাথে আইন অনুসারে যোগদান প্রদান করতে পারে । যেমনঃ শ্রমিক প্রতিনিধি, অলাভজনক প্রতিষ্ঠান, মহিলা সংঘ, ডাক্তারখানা, সম্মানিত সম্প্রদায়ের সদস্য, স্থানীয় ব্রান্ড প্রতিনিধি। কোন শ্রমিক কারো বিরুদ্ধে হয়রানীর অভিযোগ করার পর অভিযুক্ত ব্যক্তি যাতে অভিযোগকারীকে কোন ভয় ভীতি প্রদাণ করতে না পারে সে ব্যাপারে কর্তৃপক্ষ নিশ্চয়তা প্রদাণ করে । সে যদি এ মর্মে অভিযোগ করে যে সে কারো দ্বারা ভীতূ হয়েছে তবে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

কারখানা বিশ্বাস করে সমঝোতার মাধ্যমে মালিক ও শ্রমিকের মধ্যে আন্তরিকতা বৃদ্ধি এবং ইহা উৎপাদন বৃদ্ধিতে ও সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে থাকে।

৭। কর্ম ঘন্টা (Working Hours)

ফ্যাক্টরীর শ্রমিক কর্মচারীদের কর্মঘন্টা স্থানীয় আইনের সহিত সামঞ্জস্যতা রেখে নির্ধারন করা হয়েছে। সাধারন কর্মঘন্টা সপ্তাহে ৪৮ (আটচল্লিশ) ঘন্টা এবং অতিরিক্ত কর্মঘন্টা সপ্তাহে ১২ (বার) ঘন্টার বেশী হইবে না। অতিরিক্ত কর্ম শ্রমিকের ইচ্ছানুসারে সম্পন্ন হয় এবং অতিরিক্ত কাজের হার এবং অতিরিক্ত কর্ম ঘন্টার সকল সুবিধা স্থানীয় শ্রম আইন অনুযায়ী প্রদান করা হয়। সকল শ্রমিক কর্মচারীদের ক্রমাগত ৬ (ছয়) দিন কর্ম দিবসের পর একদিন (২৪ ঘন্টা) ছুটি / বিশ্রাম দেওয়া হয়।

৮। মজুরী ও ভাতা সুবিধা (Wages and Benefits)

প্রত্যেক শ্রমিক কর্মচারীদের একমাস কর্ম সম্পূর্ণ করার পর কোম্পানী কর্ম শেষ হওয়ার ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে মজুরী ও ভাতা প্রদান করে থাকে । মজুরী ও ভাতা কর্ম দিবসের মধ্যে প্রদান করে থাকে। অতিরিক্ত কাজের ভাতা মূল বেতনের দ্বিগুন হারে প্রদান করে থাকে। সকল শ্রমিক কর্মচারীকে তাদের শ্রমের ন্যায্য পারিশ্রমিক প্রদান করা হয়।

৯। স্বাস্থ্য ও নিরাপত্তা (Health and Safety)

আমাদের ফ্যাক্টরীর কর্মক্ষেত্র শ্রমিক কর্মচরীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য সহায়ক ভূমিকা পালন করে থাকে। পেশাগত স্বাস্থ্য ঝুঁকি এবং নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য এমন ধরনের উদ্যোগ গ্রহন করা হয়েছে, যাতে কর্মক্ষেত্রে দূর্ঘটনার ঝুঁকি হ্রাস পায়। স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য শ্রমিক কর্মচারীদের Health and Safety training এর ব্যবস্থা করা হয়েছে। কারখানা প্রযোজনীয় আইন এবং দিক নির্দেশনা অনুসরণ করে যাচ্ছে একটি স্বাস্থ্যসম্মত নিরাপদ কর্মপরিবেশ তৈরী করার লক্ষ্যে। এ লক্ষ্যে কারখানা নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করেছে: বিশূদ্ধ খাবার পানি, স্বাস্থ্যসম্মত পয়প্রণালী, অগ্নি নিরাপত্তা ব্যবস্থা, জরুরী অবস্থায় করনীয় বিষয় প্রশিক্ষণ, প্রয়োজনীয় আলো-বাতাস প্রবাহের ব্যবস্থা, পেশাগত অসুস্থতা পর্যালোচনা এবং ব্যবস্থা গ্রহণ, প্রয়োজনীয় মেশিন নিরাপত্তা গার্ড। কর্মক্ষেত্রে ঝুঁকির পরিমাণ নির্ধারণ এবং তা প্রতিকার / প্রতিরোধের ব্যাপারে কাজ করা হয়।

১০। পরিবেশের সুরক্ষা (Environmental Protection)

কম্ফিট কম্পোজিট নীট লিঃ পরিবেশ সুরক্ষার ব্যাপারে যথেষ্ট সচেতন এবং পরিবেশের সুরক্ষার জন্য কোম্পানিতে প্রযোজ্য সকল আইন মেনে কোম্পানির কার্যক্রম পরিচালনা করে থাকে। কম্ফিট কম্পোজিট নীট লিঃ নিয়মিত মূল্যায়ন/ কাজ করে থাকে এটা দেখার জন্য যে তাদের কার্যক্রমের দ্বারা পরিবেশের কি ক্ষতি হচ্ছে এবং এর জন্য কি প্রতিকার/ প্রতিরোধ ব্যবস্থা নেওয়া যেতে পারে।

নিরাপদ ও দূষণমুক্ত কর্মপরিবেশ নিশ্চিতকরণেঃ

কমফিট কম্পোজিট নীট লিঃ কারখানার আভ্যন্তরে এবং আশেপাশের পরিবেশ নিরাপদ ও দূষণমুক্ত রাখতে বদ্ধপরিকর। কারখানাটি তার লক্ষ্যের সাথে সামঞ্জস্য রেখে সকল শ্রমিক-কর্মচররীদের একটি সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করেন। সেই সাথে দেশীয় ও আর্ন্তজাতিক আইন মেনে চলেন। এছাড়া উন্নত অবকাঠামো, পর্যাপ্ত ও অত্যাধুনিক অগ্নি নিরাপত্তা ব্যবস্থা ও সরঞ্জাম এবং ইলেকট্রিকাল সেইফটি নিশ্চিত করে কারখানা পরিচালনা করাই কমফিট কম্পোজিট নীট লিঃ এর প্রধান উদ্দেশ্য।

১১। প্রতিষ্ঠানটি নারীর ক্ষমতায়ন বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখে (Women Empowerment)

কমফিট কম্পোজিট নীট লিঃ নারীর ক্ষমতায়নে বিশেষ ভূমিকা পালন করেন। সেই লক্ষ্য বাস্তবায়নে কারখানাটি নারী শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি তাদের উচ্চ পদে উন্নতিকরণে সুযোগ সৃষ্টি করেন। প্রতিষ্ঠানটি বিশ্বাস করে যে, নারীর ক্ষমতায়নই পারে দেশকে সমৃদ্ধির পথে নিয়ে যেতে। তাই নারীর ক্ষমতায়ন বাড়াতে প্রতিষ্ঠানটি নিরলস কাজ করে যাচ্ছেন। যেমন; নিম্ন গ্রেড থেকে উচ্চতর গ্রেডে পদোন্নতি দেওয়া হয়। এছাড়াও, নারীর ক্ষমতায়ন বৃদ্ধিতে সম্মানিত বায়ারগণ, বিজিএমই, আই.এল.ও এবং বেটার ওর্য়াক" এর পক্ষ থেকে বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে নারীদের উৎসাহিত করছেন যাতে তারা দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের জীবন-যাত্রার মান উন্নত করতে সক্ষম হয়।

১২। ব্যবস্থাপনা অনুশীলন (Management Practice)

এই আচরণবিধিতে কম্ফিট কম্পোজিট নীট লি: (সি.সি.কে.এল) সরবারহকারী এবং উপ ঠিকাদারদের মান বর্ণনা করেন এবং এই মানসমূহ বাস্তবায়নে সচেষ্ঠ থাকেন।

এই আচরণবিধির বাহিরে সি.সি.কে.এল তাদের সকল কর্মচারীকে তাদের অধিকার ও দায়িত্ব বাস্তবায়ন করতে সচেতন এবং প্রশিক্ষিত করে তুলে। মান ও অভিযোগ ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য শ্রমিক প্রতিনিধি সম্পৃক্ত করছে এবং যদি আচরণবিধিতে কোন ধরণের কার্যকরী বিচ্যুতি ঘটে তাহলে পদ্ধতিগতভাবে সিসিকেএল ব্যবস্থাপনা অনুশীলন করে থাকে। পরবর্তীতে সি.সি.কে.এল একটি কর্পোরেট নীতি প্রতিষ্ঠিত করে থাকেন। এরপর কর্মচারীদেরকে কাজ বুঝিয়ে দেয় এবং মান বাস্তবায়ন নিশ্চিত করতে যাদের উপযুক্ত জ্ঞান, দক্ষতা এবং যোগ্যতা রয়েছে তাদের জড়িত রাখেন। সি.সি.কে.এল তাদের ব্যবসা নৈতিকতা, স্বচ্ছতা ও সততার সাথে করে থাকে। যদি মান নিশ্চিত বা প্রতিষ্ঠিত করতে না পারে তাহলে সঠিক সময়ে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহন করে থাকে।

১৩। সিকিউরিটি (Security)

কম্ফিট কম্পোজিট নীট লিঃ (সিসিকেএল) সিকিউরিটির নিয়ম নীতি কাস্টমারের প্রয়োজন অনুযায়ী কঠোরভাবে মেনে চলে। সিসিকেএল পণ্যের ও সরবরাহকারীর নিরাপত্তা নিশ্চিত করে। আমরা বিশ্বাস করি যে আমাদের সকল ব্যবসায়িক পার্টনার এই সিকিউরিটি মান মেনে চলবে এবং গ্রাহকের প্রয়োজন বজায় রাখবে।

১৪। শুল্ক ও বাণিজ্য নীতি (Customs compliance)

কম্ফিট কম্পোজিট নীট লিঃ প্রয়োজনীয় শুল্ক আইন মেনে চলে এবং বিশেষত ফিনিশড গুডস বা পন্যের অবৈধ ট্রান্সশিপমেন্ট এর ব্যাপারে আমদানি ও রপ্তানী শুল্ক আইন মোতাবেক কার্যক্রম প্রতিষ্ঠিত ও পরিচালনা করা।

আমরা নিশ্চিত করি যে প্রতিটি কাস্টমার বা ক্রেতার পণ্য প্রয়োজনী আইন বা নীতিমালা মোতাবেক সঠিকভাবে চিহ্নিত করা। এছাড়াও আমরা সমস্ত পণ্যের তথ্য সংরক্ষণ করি, পাশাপাশি মান বা কাস্টমারের চাহিদা অনুযায়ী উৎপাদন রেকর্ড বজায় রাখি।

১৫। নিয়োগ দান (Regular Employeement is Provided)

ফ্যাক্টরীতে শ্রমিক কর্মচারী নিয়োগ নিয়ম মাফিক লিখিত নিয়োগপত্র বা চুক্তির ভিক্তিতে হয়। উক্ত নিয়োগ পত্রে মজুরী প্রদানের সময়, ভাতা সুবিধাদি, ছুটি সমূহ এবং চাকুরীর শর্তাবলী বিস্তারিত ভাবে লিপিবদ্ধ আছে।

১৬। দুর্নীতি (Corruption):

কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ, বৈধ ব্যবসায়িক নিয়মকে সম্মান করে। কারখানা কর্তৃপক্ষ তার কাজ কর্মে কোন অসৎ উপায় (কলুসিত নিয়ম-কানুন, চাঁদাবাজি, ঘুষ) অবলম্বন করে না এবং সমার্থনও করে না।

১৭। সাবকন্ট্রাকটিং/নতুন সরবরাহকারী নির্বাচন (Subcontracting / New Supplier Selection:

কোন কারখানার সাথে Subcontracting/নতুন সরবরাহকারী নির্বাচন করার পূর্বে কম্‌ফিট কম্পোজিট নীট লিঃ ঐ কারখানার লেবার স্টান্ডার্ড যাচাই করে নেয়। নিজের লেবার স্টান্ডার্ডের সাথে মিললেই শুধুমাত্র তাদের সাথে কাজ শুরু করে। কাজ শুরু করার পর বিভিন্ন সময় কারখানা audit/ visit এর দ্বারা কারখানার বর্তমান অবস্থা দেখা হয় তারা সকল আইন-কানুন মেনে চলছে কিনা।

পূনঃ পর্যালোচনা (Reviewed By)	অনুমোদন (Approved By)
মোঃ মোরেশেদ আলম, ম্যানেজার (কমপ্লায়েন্স)	মোহাম্মদ ফারুক হোসেন, জেনারেল ম্যানেজার (আই আর এন্ড কমপ্লায়েন্স)